গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ

# ৯নং কানাইপুর ইউনিয়ন পরিষদ


কার্যালয়ঃ কানাইপুর বাজার, ডাকঘরঃ কানাইপুর, উপজেলাঃ ফরিদপুর সদর, জেলাঃ ফরিদপুর।

শাহ্ মোহাম্মদ আলতাফ হুসাইন, চেয়ারম্যান, ৯নং কানাইপুর ইউনিয়ন পরিষদ। মোবাইলঃ ০১৭১১-০০৭৩৪৭


সূত্র নংঃ                                                                                                    তারিখঃ

**কানাইপুর ইউনিয়ন পরিষদের ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির আগষ্ট/২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ**

তারিখ ও সময় ঃ ০৯/০৮/২০২৩ খ্রিঃ, বেলাঃ ১১ ঘটিকা
স্থান ঃ কানাইপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন
উপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট-খ দ্রষ্টব্য

১.০ পূর্ববতী সভর কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ
২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জনিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর বিভাগ ওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ ঃ

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা ব্যক্তি |
|---|---|---|---|---|
| ২.১ | আইন শৃঙ্খলা | সভায় ইউপি সদস্য আজিজুর রহমান,লিয়াকত হোসেন ও সুমন পেদ্দার জানান যে বৈদ্যতিক ট্রাসফরমার চুরি, মাদক, জুয়া খেলা ও বাজারে পকেট মার এর উপদ্রব ইদানিং দেখা যাচ্ছে। উক্ত বিষয়ে বিশদ আলোচনা প্রয়োজন। ইহা ছাড়া আইন শৃঙ্খলার তেমন কোন অবনতি নেই। | আলোচনান্তে পুলিশ প্রশাসন কে জানানো এবং গ্রামপুলিশকে রাতে রাস্তায় টহল দেওয়ার জন্য নির্দেশ দেওয়া গেল সেই সাথে এলাকার জন সাধরণকে পাহারা দেওয়ার জন্য অনুরোধ জানানো হয় । | ইউ,পি সদস্য ও গ্রামপুলিশ। |
| ২.২ | শিক্ষা | আব্দুল আলী সঃ প্রাঃ বিদ্যালয় এর প্রধান শিক্ষক হারুনা রশিদ বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠানে চুরি রোধ করতে যে বিদ্যালয়ে নাইটগার্ড নেই সে সমস্ত বিদ্যালয়ে নাইটগর্ডের ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান সাহেবের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের অনুরোধ করেন। | যথাযথ কর্তৃপক্ষকে বিদ্যালয় গুলোতে নাইটগার্ড এর ব্যাবস্থা করনের জন্য অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউ,পি চেয়ারম্যান |
| ২.৩ | কৃষি | উপ-সহঃ কৃষি কর্মকর্তা মুজাহিদুর রহমান বলেন যে, অতি ক্ষরা, কম বৃষ্টি এবং নদ-নদী, খাল-বিলে পানি কম থাকায় কৃষি কাজে ব্যাপক ক্ষতি হচ্ছে। তবুও থেমে নেই কৃষক। তারা এক ইঞ্চি জমিও অনাবাদি রাখবেন না এবং আমরা উপ- | উদ্যোক্তাদের মধ্যে রিং প্রদানের ব্যবস্থা গ্রহন সহ খাল-বিল খননের উদ্যোগ গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউ,পি চেয়ারম্যান ও উপ-সহকারী কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সহঃ কৃষি কর্মকর্তা বৃন্দ তা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছি। জৈব সার (ভার্মি) কম্পোষ্ট উৎপাদনে গ্রাম পর্যায়ে গঠিত উদ্যোক্তাদের রিন সরবরাহ করার অনুরোধ করছি। | | |
| ২.৪ | এনজিও | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। |
| ২.৫ | স্বাস্থ্য | স্বাস্থ্য পরিদর্শক জনাব শামিম আজাদ জানান যে, কানাইপুর ইউনিয়নে ৫ টি কমিউনিটি ক্লিনিক ১ টি উপ-স্বাস্থ্য কেন্দ্র ও ৮ টি স্যাটেলাইট ক্লিনিক রয়েছে। ক্লিনিক গুলো থেকে যথারীতি ৩৮ রকমের সেবা জনগনকে দেওয়া হয়ে থাকে। সেবার মান ভাল। কাশিমাবাদ একটি কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব করেন। জন্ম মৃত্যু নিবন্ধন প্রপ্তি সাপেক্ষে টিকা প্রদান চলমান রয়েছে। ডেঙ্গু প্রতিরোধে জন সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বিতরণ করা হচ্ছে। | স্বাস্থ্য বিভাগের এই কার্যক্রমের জন্য তাদেরকে ধন্যবাদ জানানো হয় সেই সাথে এই ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | ইউ,পি চেয়ারম্যান ও স্বাস্থ্য বিভাগ |
| ২.৬ | পরিবার  পরিকল্পনা | এফপিআই হারুনঅর রশিদ বলেন যে, পরিবার পরিকল্পনা বিভাগের কাজ অত্যন্ত সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। গর্ভবতি প্রসুতি মা ও কিশোরী দের স্বাস্থ্য বিধি মেনে চলতে পরামর্শ সহ নরমাল ডেলিভারির বিষয়ে সচেতন করা হচ্ছে। ৮টি স্যাটেলাইট ক্লিনিকে ৮ টি টেবিল ও ২৪ টি চেয়ার সরবরাহের জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করেন। | পরিবার পরিকল্পনা বিভাগের এই কার্যক্রমের জন্য তাদেরকে ধন্যবাদ জানানো হয় সেই সাথে এই ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | ইউ,পি চেয়ারম্যান ও এফ,পি,আই |
| ২.৭ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগের মেকানিক রাকিবুল আলম বলেন যে, নিরাপদ পানি সরবরারহর জন্য ইতি মধ্যে ইউনিয়ন পরিষদ গভীর নলকুপ বরাদ্দ পেয়েছে। উক্ত বরাদ্দের আলোকে আমরা তালিকা প্রনয়নের কাজ শুরু করেছি। | নলকুপের তালিকা যাচাই বাছাই ক্রমে দাখিলের জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করা হয়। | ইউ,পি চেয়ারম্যান ও জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ |
| ২.৮ | বি,আর,ডি,বি | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। |
| ২.৯ | এলজিইডি | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। |
| ২.১০ | সমাজ সেবা বিভাগ | ইউনিয়ন সমাজ কর্মি কামরুল ইসলাম | প্যারালাইজড, | ইউ,পি চেয়ারম্যান |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ

# ৯নং কানাইপুর ইউনিয়ন পরিষদ

কার্যালয়ঃ কানাইপুর বাজার, ডাকঘরঃ কানাইপুর, উপজেলাঃ ফরিদপুর সদর, জেলাঃ ফরিদপুর।

শাহ্ মোহাম্মদ আলতাফ হুসাইন, চেয়ারম্যান, ৯নং কানাইপুর ইউনিয়ন পরিষদ। মোবাইলঃ ০১৭১১-০০৭৩৪৭

সূত্র নংঃ তারিখঃ

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলেন যে, বয়স্কো বিধাব ও প্রতিবন্ধি ভাতা ভোগীদের তালিকা যাচাই বাছাই কাজ চলমান রয়েছে। প্যারালাইজড, লিভার সিরোসিস, ক্যান্সার রোগীদের চিকিৎসার্থে অত্র বিভাগ কাজ করে থাকে। | লিভার সিরোসিস, ক্যান্সার রোগীদের চিকিৎসার্থে সমাজ সেবা অধিদপ্তরে আবেদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ও সমাজ সেবা বিভাগ |
| ২.১১ | মৎস্য বিভাগ | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। |
| ২.১২ | আনসার ও ভিডিপি | আনসার ও ভিডিপির ইউনিয়ন দলনেতা ফয়সাল মোল্লা জানান যে, অত্র ইউনিয়নের দূর্যোগ কালিন সময়ে এবং সরকার নির্দেশিত বিভিন্ন সময়ে আনসার ও ভিডিপি গন যথাযথো ভাবে তাদের দায়িত্ব পালন করেন। তাছাড়া গ্রামে গ্রামে দল গঠন ও আয় বৃদ্ধি মুলক প্রশিক্ষন অব্যাহত রয়েছে। | দুর্যোগ কালিন সময়ে সেবা দান কারি আনসার গনের মোবাইল নম্বর সহ তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি সচিব |
| ২.১৩ | গ্রাম আদালত | গ্রাম আদালতের কার্যক্রম যথারিতি চলমান রয়েছে। জুলাই ২৩ মাসে ৮ টি মামলার মধ্যে ৩ টি মামলা বিধি ৩১ অনুযায়ী মিমাংশা হয়েছে। আগষ্ট ২৩ মাসে অদ্য দিবস পর্যন্ত ২ টি আবেদন পাওয়া গেছে। | গ্রাম আদালতের কার্যক্রম সচল রাখতে আরও সক্রিয় ভুমিকা পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউনিয়ন পরিষদ |
| ২.১৪ | প্রাণি সম্পদ বিভাগ | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। | অনুপস্থিত থাকায় আলোচনা হয় নি। |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভাস্থ সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

শাহ্ মোহাম্মদ আলতাফ হুসাইন
চেয়ারম্যান
৯নং কানাইপুর ইউনিয়ন পরিষদ
কানাইপুর,ফরিদপুর